

# ইসলামী ব্যাংক বাংলাদেশ পিএলসি

## খিদমাহ কার্ডধারীদের জন্য EzzyBuy (0% EMI)-প্রশ্নোত্তর (FAQ)

### ১. IBBPLC EzzyBuy (EMI) বলতে কী বোঝায়?

EMI (Equal Monthly Installment) অর্থ হলো—কোনো পণ্যের মূল্য সমান মাসিক কিস্তিতে পরিশোধের সুবিধা। এই পদ্ধতিতে মার্চেন্ট একবারেই পুরো মূল্য পেয়ে যান, কিন্তু ব্যাংক কার্ডধারীর কাছ থেকে নির্ধারিত মেয়াদে মাসিক কিস্তিতে অর্থ আদায় করে। উল্লেখ্য, ব্যাংকের পক্ষ থেকে EMI-তে রূপান্তরের জন্য কোনো অতিরিক্ত চার্জ আরোপ করা হয় না।

### ২. 0% EMI মানে কি?

0% EMI বলতে বোঝায়, গ্রাহক শুধু পণ্যের দামই দেবেন, ব্যাংক বা বিক্রেতাকে অতিরিক্ত কোনো টাকা দিতে হবে না।

### ৩. গ্রাহক কিভাবে 0% EMI সুবিধা পাবে?

ইসলামী ব্যাংকের সাথে চুক্তিভুক্ত যেকোনো মার্চেন্টে কেনাকাটা করলে গ্রাহক চাইলে 0% EMI সুবিধা নিতে পারেন। এ জন্য কেনাকাটার আগে গ্রাহককে অবশ্যই মার্চেন্টকে জানাতে হবে যে তিনি EMI করতে চান। তখন মার্চেন্ট কার্ডে পেমেন্ট নেওয়ার সময় POS মেশিনে EMI অপশন চালু করতে পারেন অথবা ব্যাংকের নির্ধারিত EMI ফরম পূরণ করিয়ে নিতে পারেন। পরে মার্চেন্ট ফরমটি ব্যাংকে পাঠালে EMI চালু হয়ে যাবে।

### ৪. EMI সুবিধাটি কার জন্য প্রযোজ্য এবং মেয়াদ কত?

EMI সুবিধা সব ধরনের খিদমাহ কার্ডধারীর জন্য প্রযোজ্য এবং সুবিধাটি ৩ থেকে ৩৬ মাস পর্যন্ত হয়ে থাকে।

### ৫. EMI সুবিধা কোথায় কোথায় পাওয়া যাবে?

ব্যাংকের সাথে চুক্তিভুক্ত সারাদেশে ৪০০+ EMI মার্চেন্টে এই সুবিধা পাওয়া যাবে।

### ৬. EMI সুবিধা কি ব্যাংকের শাখা থেকে পাওয়া যাবে?

না। এই সুবিধা ব্যাংকের শাখা থেকে সরাসরি পাওয়া যাবে না। এটি মার্চেন্টের মাধ্যমেই করতে হবে।

### ৭. EMI সুবিধার ক্ষেত্রে ইসলামী শারী'আহ কি বলে?

ক্রয়কৃত পণ্য বা সেবা অবশ্যই হালাল হতে হবে। EMI সুবিধা গ্রহণের কারণে মার্চেন্ট গ্রাহকের নিকট থেকে পণ্যের সাধারণ/প্রচলিত মূল্যের চেয়ে বেশি মূল্য গ্রহণ করতে পারবে না। একইভাবে ব্যাংকও EMI সুবিধা প্রদানের কারণে কার্ডধারী গ্রাহকের কাছ থেকে কোনো অতিরিক্ত চার্জ আরোপ করতে পারবে না।

### ৮. EMI সুবিধা গ্রহণের জন্য সর্বনিম্ন কত টাকা লেনদেন করতে হয়?

সাধারণত ৩,০০০ টাকা বা তার বেশি টাকার যেকোনো ক্রয় EMI-তে রূপান্তরযোগ্য।

### ৯. ইসলামী ব্যাংকের EMI সুবিধা গ্রহণে গ্রাহক কীভাবে উপকৃত হবেন?

IBBPLC-এর EzzyBuy (0% EMI) সুবিধার মাধ্যমে গ্রাহক যেসব উপকার পেতে পারেন:

- ✔ বড় অঙ্কের পণ্য/সেবা সহজেই কিস্তিতে কেনা যায়।
- ✔ 0% EMI থাকায় অতিরিক্ত কোনো চার্জ নেওয়া হয় না।
- ✔ মাসিক কিস্তিতে মূল্য পরিশোধে আর্থিক চাপ কমে।
- ✔ পণ্যের দাম নির্ধারিত মূল্যের বেশি নেওয়া হয় না, ফলে গ্রাহকের লেনদেন হয় শরীয়াহ সম্মত।
- ✔ দেশের প্রায় সব ধরনের পণ্য ও সেবায় EMI সুবিধা বিদ্যমান, যেমনঃ গাড়ি, ইলেকট্রনিক্স, ই-কমার্স, শিক্ষা, স্বাস্থ্যসেবা, আসবাবপত্র, মোবাইল, গহনা, ভ্রমণ, হোটেল, কম্পিউটার, ক্যামেরা, স্পোর্টস সামগ্রী ইত্যাদি।

### ১০. আরও তথ্যের জন্য:

<https://islamibankbd.com/offers> ও মাসিক খিদমাহ কার্ড বিলের সংযুক্তি দেখতে পারেন

অথবা কল করুন: ১৬২৫৯